গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ঔষধ প্রশাসন অধিদপ্তর
ঔষধ ভবন, মহাখালী, ঢাকা-১২১২
www.dgda.gov.bd

স্মারক নং-ডিজিডিএ/সার্কুলার-৫৩/২০০৮/ ৬৫৯

তারিখ: ২৭/০৬/২০২৪ খ্রি:

## -:অফিস আদেশঃ-

এতদ্বারা ঔষধ প্রশাসন অধিদপ্তরের কর্মরত সকল কর্মকর্তাদের জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য সেবা বিভাগের স্মারক নং-৪৫.০০.০০০০.১৬০.৯৯.০০১.২৪.৮৬, তারিখ: ২৭.০৩.২০২৪ মোতাবেক ইনহেলেশনাল এনেস্থেটিক হিসেবে হ্যালোথেন (Halothane) ব্যবহারে নিরুৎসাহিত করা হয় এবং এর পরিবর্তে আইসোফ্লুরেন/সেভোফ্লুরেন ব্যবহারের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। উক্ত নির্দেশনার পরিপ্রেক্ষিতে সাম্প্রতিক সময়ে এনেস্থেসিয়ার কারণে কতিপয় রোগীর মৃত্যু ও আকস্মিক জটিলতা প্রতিরোধে এবং এনেস্থেসিয়ার ব্যবহৃত ঔষধের গুণগত মান নিশ্চিতকল্পে হ্যালোথেন উৎপাদন, বাজারজাতকরণ, বিপনন ও ব্যবহারে সাময়িক নিষেধাজ্ঞা প্রদান করা হলো। উল্লেখ্য যে, এ অধিদপ্তরের স্মারক নং ডিজিডিএ/সার্কুলার-৫৩/২০০৮/২৭৬; তারিখ: ২৭/০৩/২০২৪ মোতাবেক দেশব্যাপী ইনহেলেশনাল এনেস্থেটিক হ্যালোথেন (Halothane) পাওয়া গেলে তা যথানিয়মে জব্দ করার নির্দেশনা প্রদান করা হয়।

এমতাবস্থায়, ঔষধ প্রশাসন অধিদপ্তরের মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তাদেরকে আপনার আওতাধীন এলাকার ঔষধ প্রস্তুতকারী প্রতিষ্ঠান/ফার্মেসী/ হাসপাতাল/ ক্লিনিক পরিদর্শন করে ইনহেলেশনাল এনেস্থেটিক হ্যালোথেন (Halothane) পাওয়া গেলে তা যথানিয়মে জব্দ করে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

বিষয়টি অতীব জরুরি।

মেজর জেনারেল মোহাম্মদ ইউসুফ
মহাপরিচালক
ঔষধ প্রশাসন অধিদপ্তর 27 JUN 2024
ফোনঃ ০২২২২২৮০৮০৩
ইমেইল: dgda.gov@gmail.com

**বিতরণ:**

১। জনাব........................... , পরিচালক/ পরিচালক (চঃদাঃ), এ অধিদপ্তর।
২। জনাব ............................., উপপরিচালক/ উপপরিচালক (চঃদাঃ)/ সহকারী পরিচালক/ ঔষধ তত্ত্বাবধায়ক/ ঔষধ তত্ত্বাবধায়ক (ভারপ্রাপ্ত)/ঔষধ পরিদর্শক, প্রধান কার্যালয়/ বিভাগীয় কার্যালয়/ জেলা কার্যালয়/ ঔষধ প্রশাসন-----------------------।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

স্মারক নম্বর- ৪৫.০০.০০০০.১৬০.৯৯.০০১.২৪-৮৬ | তারিখ: ১৩ চৈত্র, ১৪৩০ বঙ্গাব্দ
২৭ মার্চ, ২০২৪ খ্রিষ্টাব্দ

**বিষয়: এনেস্থেসিয়া জনিত দুর্ঘটনা প্রতিরোধ এবং এনেস্থেসিয়া ব্যবহারে ওষুধের গুণগতমান নিশ্চিতকরণ।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সাম্প্রতিক সময়ে এনেস্থেসিয়ার কারণে কতিপয় রোগীর মৃত্যু ও আকস্মিক জটিলতা প্রতিরোধে এবং এনেস্থেসিয়ার ব্যবহৃত ঔষুধের গুণগত মান নিশ্চিতকল্পে এনেস্থেসিয়াতে হ্যালোজেন ব্যবহার ও এর বিকল্প নির্ধারণে এবং এনেস্থেসিয়া জনিত মৃত্যু ও এর অপপ্রয়োগ প্রতিরোধে নিম্নরুপ সুপারিশসমুহের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

১. সারাদেশের সকল সরকারী ও বেসরকারী হাসপাতালে অপারেশন থিয়েটারে ইনহেলেশনাল এনেস্থেটিক হিসেবে হ্যালোথেন এর পরিবর্তে আইসোফ্লুরেন/ সেভোফ্লুরেন ব্যবহার করতে হবে।
২. সারাদেশের সকল সরকারী ও বেসরকারী হাসপাতালে মোট হ্যালোথেন/ আইসোফ্লুরেন/ সেভোফ্লুরেন ভেপোরাইজার এর সংখ্যা এবং বিদ্যমান হ্যালোথেন ভেপোরাইজার পরিবর্তন করে আইসোফ্লুরেন/ সেভোফ্লুরেন ভেপোরাইজার প্রতিস্থাপন করতে প্রয়োজনীয় অর্থ বরাদ্দের প্রাক্কলন করতে হবে।
৩. ডিজিডিএ এর অনুমোদন ব্যতীত হ্যালোজেন ক্রয় বিক্রয় ও ব্যবহার রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৪. সারাদেশের সকল এনেস্থেসিওলজিস্টদের (সরকারী/ বেসরকারী)কে নিয়ে হ্যালোথেন এর পরিবর্তে আইসোফ্লুরেন ব্যবহার সংক্রান্ত নির্দেশনা প্রতিপালনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৫. সকল সরকারী স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানসমূহ হতে বিদ্যমান হ্যালোথেন ভেপোরাইজার এর পরিবর্তে আইসোফ্লুরেন ভেপোরাইজার প্রতিস্থাপনের জন্যে চাহিদা মোতাবেক ব্যবস্থা নিতে হবে।
৬. নতুন এনেস্থেশিয়া মেশিন ক্রয়ের ক্ষেত্রে স্পেসিফিকেশন নির্ধারণে স্পষ্টভাবে আইসোফ্লুরেন/সেভোফ্লুরেন ভেপোরাইজার এর অন্তর্ভুক্তি নিশ্চিত করতে হবে।

২৭.৩.২৪
(জসীম উদ্দীন হাওলাদার)
যুগ্মসচিব
ফোন: ৯৫৫৬৯৮৯

**বিতরণ (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):**

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৩। চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।

স্মারক নম্বর- ৪৫.০০.০০০০.১৬০.৯৯.০০১.২৪-৮৬ | তারিখ: ১৩ চৈত্র, ১৪৩০ বঙ্গাব্দ
২৭ মার্চ, ২০২৪ খ্রিষ্টাব্দ

**অনুলিপি ও সদয় অবগতির জন্য:**

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (হাসপাতাল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, ঢাকা।
৪। যুগ্মসচিব (সঃস্বাঃব্যঃ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, ঢাকা।

২৭.৩.২৪
(জসীম উদ্দীন হাওলাদার)
যুগ্মসচিব

E:\2024\Letter-24-1.docx